HM Government

Grenfell community updates

# Grenfell Tower: September 2025 community update - Bengali / বাংলা

**গ্রেনফেল টাওয়ার: 2025 সেপ্টেম্বরের কমিউনিটি আপডেট**

আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ার এর মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারগুলোর কাছে পবিত্র। আমরা আপনাদের জানাচ্ছি যে কীভাবে সরকার এবং আমাদের ঠিকাদারেরা শ্রদ্ধা ও যত্নের সাথে গ্রেনফেল টাওয়ারটি ভেঙে ফেলার কাজ শুরু করছেন। সেই সাথে আমাদের সাথে কথা বলার সুযোগও আপনাদের দেওয়া হচ্ছে।

এই আপডেটে আপনারা আরও জানতে পারবেন:

- **গ্রেনফেল টাওয়ার সতর্কতার সাথে ভেঙে ফেলার কাজ**
- **পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা ভাগ করে নেওয়া হছে**
- **আপনি কিভাবে আমাদের সাথে কথা বলতে পারেন**
- **সুস্বাস্থ্য এবং ভালো থাকার জন্য সহায়তা**

## গ্রেনফেল টাওয়ার সতর্কতার সাথে ভেঙে ফেলার কাজের সর্বশেষ খবর

সরকার এই মর্মে প্রতিশ্রুতিবদ্ধ যে এখানকার কাজ সর্বোচ্চ মানের এবং এই বিল্ডিং এর তাৎপর্যের প্রতি শ্রদ্ধাশীল হয়ে সম্পন্ন করা হবে। এই কর্মপরিকল্পনাটি এমন ভাবে প্রস্তুত করা হয়েছে যাতে পার্শ্ববর্তী বাসিন্দা, ছাত্র এবং কর্মরত ব্যক্তিরা এবং যারা এই স্থানে শ্রদ্ধা জানাতে আসবেন, তাদের যেন ন্যূনতম অসুবিধা না হয়।

জুলাই মাসে, আমরা প্রধান ঠিকাদার (DUK) কীভাবে টাওয়ারটি সাবধানে ভেঙে ফেলার কাজটি সম্পন্ন করবেন এবং কীভাবে আমরা এই টাওয়ারের সামগ্রীগুলিকে সম্মানের সঙ্গে সমাধিস্থ করব, সে সম্পর্কে তথ্য আপনাদের জানিয়েছিলাম। এটি পড়তে হলে আপনাকে যেতে হবে: [গ্রেনফেল টাওয়ার সাইট আপডেট - GOV.UK]

গ্রীষ্মে, ডিকনস্ট্রাক্ট UK (DCUK) একটি ক্রেন ইনস্টল সহ প্রস্তুতিমূলক কাজগুলি সম্পন্ন করেছে। দ্বিতীয় ব্যানারটি ইনস্টল করা হয়েছে, এবং শীর্ষ ব্যানারটি সরানো হয়েছে। দ্বিতীয় ব্যানারটি সন্ধ্যা থেকে রাত 11 টা পর্যন্ত জ্বলছে। টাওয়ারের শীর্ষ থেকে প্ল্যান্ট রুম (যেটিতে গরম করার ব্যবস্থা এবং একটি জলের ট্যাঙ্ক ছিল) সরানোর কাজ শেষ হয়েছো আবাসিক মেঝের কাজ এখন শুরু হচ্ছে। কাজটি (বিল্ডিংয়ের শীর্ষ থেকে শুরু) সংবেদনশীলভাবে

মেঝেতে মেঝেতে অগ্রসর হওয়ার কারণে মোড়কটি ধীরে ধীরে উচ্চতা হ্রাস করছে। আমরা আশা করছি 2027 সালে কাজ শেষ হবে।

## পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা ভাগ করে নেওয়া হছে

জুলাই মাসে, আমরা কীভাবে বায়ুমান, শব্দ এবং ট্র্যাফিক ব্যবস্থাপনা নিরীক্ষণ ও পরিচালনা করি সে সম্পর্কে তথ্য শেয়ার করেছি যাতে ন্যূনতম ব্যাঘাত ঘটে এবং আমরা যতটা সম্ভব সংবেদনশীল হতে পারি।

আপনি এখানে কমিউনিটি আপডেট পড়তে পারেন:
গ্রেনফেল টাওয়ার সাইট আপডেট: পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK

এই আপডেটে বায়ুর গুণমান, ধুলো এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণের বিষয়ে আরও তথ্য দেওয়া হয়েছে এবং যদি এর নির্ধারিত সীমা অতিক্রম করে, তাহলে আমরা কী কী পদক্ষেপ নেব, তা জানানো হয়েছে।

বায়ুর গুণমান, শব্দ এবং কম্পন পর্যবেক্ষণের তথ্য প্রতি মাসে প্রকাশ করা হবে।

আমরা নিম্নলিখিত পরিকল্পনাগুলো আপনাদের জন্য উপলব্ধ করছি এবং আপনাদের সাথে সেগুলো নিয়ে আলোচনা করতে পেরে আমরা আনন্দিত:

- বায়ুর গুণমান এবং ধুলো ব্যবস্থাপনা পরিকল্পনা (AQDMP)
- শব্দ এবং কম্পন ব্যবস্থাপনা পরিকল্পনা (NVMP)

এই পরিকল্পনাগুলো DUK-এর জন্য ইউরোপীয় পরিবেশ পর্যবেক্ষণ এবং পরামর্শ সংস্থা (EEMC) দ্বারা তৈরি করা হয়েছে, যারা নির্মাণ কাজে পরিবেশগত বিষয়গুলো নিয়ে কাজ করতে বিশেষজ্ঞ।

### শব্দ এবং কম্পন নিরীক্ষণ

NVMP-তে সাইট জুড়ে শব্দ এবং কম্পন মনিটরের অবস্থান এবং বিন্যাস সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

মূল বিষয়গুলির মধ্যে রয়েছে:

- সাইটের দক্ষিণ দিকে দুটি কম্পন মনিটর স্থাপন করা হয়েছে।
- তিনটি শব্দ নিরীক্ষক সাইটের সীমানার আশেপাশে রাখা হয়েছে যাতে সব দিক থেকে এর শব্দ সংগ্রহ করা যায় এবং এর সাহায্যে পরিবেশ ও নির্মাণ সম্পর্কিত শব্দের মাত্রা সম্পর্কে তাৎক্ষণিক তথ্য সংগ্রহ করা যায়।
- এই মনিটরগুলি বসানোর উদ্দেশ্য হল, সর্বোত্তম অনুশীলন এবং নিয়ন্ত্রক নির্দেশিকা অনুযায়ী সক্রিয়ভাবে পরিস্থিতি সামাল দেওয়া এবং এর প্রভাব সময়মতো কমানো।
- সাইটটিকে শব্দ দূষণের জন্য উচ্চ-ঝুঁকিপূর্ণ হিসেবে মূল্যায়ন করা হয়েছে, এবং এর পরিপ্রেক্ষিতে একটি প্রশমন পরিকল্পনা তৈরি করা হয়েছে, যা NVMP-তে বিশদভাবে উল্লেখ করা হয়েছে। এই পরিকল্পনায় লন্ডন অথরিটিজ নয়েজ অ্যাকশন ফোরাম (LANAF) নির্দেশিকা অনুযায়ী প্রশমন ব্যবস্থা এবং উত্তম অনুশীলন প্রোটোকল উভয়ই অন্তর্ভুক্ত করা হয়েছে। এই ব্যবস্থাগুলো আশেপাশে বসবাসকারী, কর্মরত এবং

অধ্যয়নরত মানুষদের ওপর শব্দের প্রভাব কার্যকরভাবে কমাতে এবং প্রাসঙ্গিক মানদণ্ড মেনে চলতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে।
- NVMP-তে শব্দ এবং কম্পনের মাত্রা এবং সেই মাত্রাগুলি ছাড়িয়ে গেলে যে ব্যবস্থা নেওয়া হবে, তার রূপরেখা দেওয়া হয়েছে।

### বায়ুর মান পর্যবেক্ষণ

বায়ু মানের এবং ধুলো ব্যবস্থাপনার পরিকল্পনা (AQDMP) একটি আইনি কাঠামো এবং নির্দেশিকা তৈরি করে যা বায়ু মানের পর্যবেক্ষণ সম্পর্কে তথ্য দেয়। এতে ইনস্টিটিউট অফ এয়ার কোয়ালিটি ম্যানেজমেন্ট (IAQM) এবং গ্রেটার লন্ডন অথরিটি (GLA) থেকে প্রাপ্ত সেরা পদ্ধতিগুলি অন্তর্ভুক্ত রয়েছে।

### মূল বিষয়গুলির মধ্যে রয়েছে:

- স্থানগুলি মনিটরিং সাইটের সীমানা বরাবর পাঁচটি বায়ু মানের মনিটর বসানো হয়েছে। এগুলি প্রধানত বাতাসের গতিবিধি এবং IAQM নির্দেশিকা অনুসারে কৌশলগতভাবে স্থাপন করা হয়েছে।
- প্রত্যাশিত প্রভাব: মিটিগেশন বা প্রশমনমূলক ব্যবস্থাগুলো AQDMP-তে বিস্তারিতভাবে বলা হয়েছে। এই ব্যবস্থাগুলো বাস্তবায়িত হলে ধুলো-সৃষ্টিকারী কার্যকলাপের অবশিষ্ট প্রভাব IAQM এবং GLA নির্দেশিকা অনুসারে তাৎপর্যপূর্ণ হবে না বলেই অনুমান করা হচ্ছে।
- সতর্কতা ও প্রতিক্রিয়া প্রোটোকল: পরিকল্পনাটি ব্যাখ্যা করে যে নির্দিষ্ট মাত্রা শনাক্ত হলে কী পদক্ষেপ নেওয়া হবে এবং যদি নির্দিষ্ট সীমা অতিক্রম করা হয়, তাহলে সাইটের কর্মীরা এর কারণ অনুসন্ধান করবে এবং যথাযথভাবে অতিরিক্ত প্রশমন ব্যবস্থা বাস্তবায়ন করবে।

কাজ চলাকালীন গ্রেণফেল টাওয়ার-এর আশেপাশের এলাকার বায়ুর গুণগত মান UK হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) মূল্যায়ন ও পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। প্রতি মাসে বাতাসের মানের রিপোর্ট প্রকাশিত হতে থাকবে। আপনি এখানে সর্বশেষ রিপোর্ট পড়তে পারেন: গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের পর পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK

## কিভাবে আমাদের সাথে কথা বলবেন বা আরও জানতে পারবেন

আমরা এমনভাবে তথ্য শেয়ার করতে চাই যা আপনার জন্য সহায়ক হয়। কাজ সংক্রান্ত কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অথবা আমাদের সাথে কথা বলার ব্যবস্থা করতে চাইলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন। আমাদের ইমেল ঠিকানা হল GrenfellTowerSite@communities.gov.uk.

আমরা আগামী মাসগুলিতে www.gov.uk/grenfell-community-updates-এ (অথবা নিচের QR কোড স্ক্যান করে) নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করা চালিয়ে যাব। আপনি ইমেল বিজ্ঞপ্তি পাবার জন্যও সাইন আপ করতে পারেন। আপনি যদি চান, আমরা আমাদের নিয়মিত আপডেটগুলি সরাসরি আপনাকে ইমেল করতে পারি। যদি আপনি চান আমরা এই

উপায়ে তথ্য শেয়ার করি, তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে GrenfellTowerSite@communities.gov.uk এই ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

আপনি নিয়মিত মিটিংগুলোতে কর্মকর্তাদের এবং আমাদের প্রধান ঠিকাদারের সঙ্গে দেখা করে কাজের বিষয়ে আলোচনা করতে, যেকোনো উদ্বেগ জানাতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন। আমরা আপনার সুবিধাজনক ও আরামদায়ক সময়ে, তারিখে এবং স্থানে আপনার সাথে এককভাবে বা দলগতভাবে কথা বলার জন্য উপলব্ধ আছি।

## যদি আপনি সুস্বাস্থ্য এবং ভালো থাকার জন্য সহায়তা চান

শোকার্ত পরিবার, বেঁচে থাকা ব্যক্তি এবং আশেপাশের সম্প্রদায়ের বাসিন্দাদের জন্য মানসিক ও শারীরিক সুস্থতার সহায়তা টাওয়ারটিকে সাবধানে ভেঙে ফেলার কাজ চলাকালীনও অব্যাহত থাকবে।

আপনি যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনো বিষয়ে চিন্তিত থাকেন, তাহলে আপনার জেনারেল প্র্যাকটিশনার (GP)-এর সঙ্গে কথা বলুন।

আপনি যদি কারো সঙ্গে কথা বলতে চান, তাহলে আপনি এই বিকল্পগুলি বেছে নিতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল 8am থেকে রাত 8pm পর্যন্ত)
- জরুরী পরিস্থিতিতে, 0800 0234 650-এ CNWL (সেন্ট্রাল এন্ড নর্থ ওয়েস্ট লন্ডন)-এর একক পয়েন্ট অফ অ্যাক্সেস অ্যাডভাইস লাইনে কল করুন (দিনে 24 ঘন্টা, সপ্তাহের সাত দিন খোলা)
- ইমেল: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk দেখুন:

উপলব্ধ পরিষেবা সম্পর্কে সর্বশেষ তথ্য এবং বিশদ বিবরণের জন্য www.grenfell.nhs.uk দেখুন।

গ্রেনফেল টাওয়ারের সর্বশেষ আপডেটের জন্য, এবং ইমেল বিজ্ঞপ্তির জন্য সাইন আপ করতে, অনুগ্রহ করে এখানে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা নীচের QR কোডটি স্ক্যান করুন।

গ্রেণফেল টাওয়ার ট্র্যাজেডির প্রতিক্রিয়ায় আমাদের কাজ সম্পর্কে আপনারা কীভাবে আপডেট পেতে পছন্দ করেন, সে বিষয়ে আমরা আপনাদের মতামত জানতে চাই। আপনি

যদি চান, তাহলে আমাদের দ্রুত ফিডব্যাক ফর্মটি পূরণ করে আপনার মতামত জানাতে পারেন:
গ্রেনফেল কমিউনিটি: Communications Feedback Form - GOV.UK